



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/দিনাজপুর-১৫১/১১১৪/৪

তারিখ: ১১.১১.২০১৯খ্রি.

বিষয়: ভাটিনা আলিম মাদ্রাসার অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) এর বিরুদ্ধে বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে

সূত্র: ১। মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশাসন/দিনাজপুর-১৫১/১০০৮/৪; তারিখ: ০৬/১১/২০১৮ খ্রি.

২। মাদ্রাসা শিক্ষা বোর্ডের তাগিদ পত্রের স্মারক নং-বামাশিবো/প্রশাসন/দিনাজপুর-১৫১/১০৩৯/৪; তারিখ: ০৪/০২/২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে দিনাজপুর জেলার সদর উপজেলাধীন ভাটিনা আলিম মাদ্রাসার অধ্যক্ষ (সাময়িক বরখাস্ত) জনাব মোঃ আফতাব উদ্দিন মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-৩৬৫৭/১৫ এর প্রেক্ষিতে প্রদত্ত রায় এবং শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক নং- ৩৭.০০.০০০০.০৭২.৩১.০০৭.১৫; তারিখ: ০৬/০৮/২০১৭ খ্রি. ও মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক নং-৫৭.২৫.০০০০.০০৪.০৪.০০১.১৭.৪; তারিখ: ২৬/০৯/২০১৭ খ্রি. স্মারকে জারীকৃত প্রজ্ঞাপনের আলোকে স্বপদে বহাল ও বেতন-ভাতা প্রদানের জন্য আবেদন দাখিল করেছেন।

মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশ ও শিক্ষা মন্ত্রণালয় এবং মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনের আলোকে সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ জনাব মোঃ আফতাব উদ্দিন-কে স্বপদে বহাল ও বেতন-ভাতা প্রদানের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক বোর্ডকে অবহিত করার জন্য গভার্ণিং বডি'র সভাপতি ও ভারপ্রাপ্ত অধ্যক্ষকে সূত্রোক্ত ০১ ও ০২ নং স্মারকে পত্র দেয়া হয়।

বর্ণিত অবস্থায় অধ্যক্ষ (সাময়িক বরখাস্ত) জনাব মোঃ আফতাব উদ্দিন-কে মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশ ও শিক্ষা মন্ত্রণালয় এবং মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনের আলোকে স্বপদে বহাল ও বেতন-ভাতা প্রদানের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক বোর্ডকে অবহিত করার জন্য গভার্ণিং বডি'র সভাপতি ও ভারপ্রাপ্ত অধ্যক্ষকে পত্র দেয়া হলেও তারা উক্ত নির্দেশনা বাস্তবায়ন করেননি।

এমতাবস্থায় ভারপ্রাপ্ত অধ্যক্ষের এমপিও বন্ধের সুপারিশসহ কেন তাঁর বিরুদ্ধে বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ এবং গভার্ণিং বডি'র সভাপতির মনোনয়ন বাতিল করা হবে না তার জবাব পত্র প্রাপ্তির ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী ববারের প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক..... () পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

(মোঃ সিদ্দিকুর রহমান)

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬১২৮৫৮

প্রাপকঃ

১। সভাপতি (গভার্ণিং বডি)

ভাটিনা আলিম মাদ্রাসা

ডাকঘর: শেখপুরা, উপজেলা: সদর, জেলা: দিনাজপুর;

২। অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

ভাটিনা আলিম মাদ্রাসা

ডাকঘর: শেখপুরা, উপজেলা: সদর, জেলা: দিনাজপুর।

নং-বামাশিবো/প্রশাসন/দিনাজপুর-১৫১/১১১৪/৪

তারিখ: ১১.১১.২০১৯খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, দিনাজপুর;
২. জেলা শিক্ষা অফিসার, দিনাজপুর;
৩. উপজেলা নির্বাহী অফিসার, সদর, দিনাজপুর;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, দিনাজপুর;
৫. জনাব মোঃ আফতাব উদ্দিন (সাময়িক বরখাস্তকৃত), ভাটিনা আলিম মাদ্রাসা, সদর, দিনাজপুর;
৬. পি ও টু চেয়ারম্যান/পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. অফিস কপি।

(মোঃ ওমর ফারুক)

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬৭৪৮৭৪